

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মে ৪, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২১ বৈশাখ ১৪২৩ বঙ্গাব্দ/০৪ মে ২০১৬ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৫.০৯৪—সাবেক স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী, দশম জাতীয় সংসদের সদস্য, বীর মুক্তিযোদ্ধা, বিশিষ্ট রাজনীতিবিদ ও সমাজকর্মী ডা. ক্যাপ্টেন (অব.) মজিবুর রহমান ফকির ০২ মে ২০১৬ তারিখ সকালে ইন্তেকাল করেন (ইন্মালিল্লাহে ..... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৯ বছর।

২। ডা. মজিবুর রহমান ফকিরের মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও মরহমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ১৯ বৈশাখ ১৪২৩/০২ মে ২০১৬ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ শফিউল আলম  
মন্ত্রিপরিষদ সচিব

( ৬৫৭৫ )

মূল্য : টাকা ৪.০০

## মন্ত্রিসভার শোকপ্রস্তাব

১৯ বৈশাখ ১৪২৩

ঢাকা: -----

০২ মে ২০১৬

সাবেক স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী, দশম জাতীয় সংসদের সদস্য, বীর মুক্তিযোদ্ধা, বিশিষ্ট রাজনীতিবিদ ও সমাজকর্মী ডা. ক্যাপ্টেন (অব.) মজিবুর রহমান ফকির আজ ০২ মে ২০১৬ তারিখ সকালে ইন্তেকাল করেন (ইমালিল্লাহে ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৯ বছর।

কর্মবহুল রাজনৈতিক জীবনের অধিকারী জনাব মজিবুর রহমান ফকির ছাত্রজীবন থেকেই রাজনীতির সঙ্গে সম্পৃক্ত ছিলেন। ঊনসত্তরের গণঅভ্যুত্থান এবং সত্তরের গণআন্দোলনে তিনি সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শে উজ্জীবিত হয়ে তিনি একাত্তরের মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেন।

১৯৭২ সালে ডা. মজিবুর রহমান ফকির সেনাবাহিনীর মেডিক্যাল কোরে কমিশন লাভ করেন। ১৯৮১ সালে সেনাবাহিনী থেকে স্বেচ্ছায় অবসর গ্রহণের পর তিনি রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে গভীরভাবে আত্মনিয়োগ করেন।

প্রয়াত এই রাজনীতিবিদ একাদিক্রমে তিনবার জাতীয় সংসদের সদস্য নির্বাচিত হন। তিনি ২০০৯-১৩ মেয়াদে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী হিসেবে নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করেন। মৃত্যুর পূর্ব পর্যন্ত সুদীর্ঘ ২৪ বছর তিনি বাংলাদেশ আওয়ামী লীগের ময়মনসিংহ জেলার গৌরীপুর উপজেলা কমিটির সভাপতি ছিলেন।

বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও উন্নয়নমূলক কর্মকাণ্ডের সঙ্গে তাঁর ছিল নিবিড় সম্পৃক্ততা। জনাব মজিবুর রহমান ফকির তাঁর ময়মনসিংহস্থ পারিবারিক নার্সিং-হোমে দরিদ্র ও অসচ্ছল রোগীদের বিনাখরচে চিকিৎসা সেবা প্রদান করতেন। তিনি অসংখ্য পেশাজীবী ও সামাজিক সংগঠনের সঙ্গে সক্রিয়ভাবে সংযুক্ত ছিলেন।

বিশিষ্ট এ নেতার মৃত্যুতে দেশ একজন বীর মুক্তিযোদ্ধা, দক্ষ সংগঠক, বিশিষ্ট সামাজিক ও সংস্কৃতি কর্মী এবং দেশপ্রেমিক রাজনীতিবিদকে হারাল। রাজনৈতিক ও সামাজিক অঙ্গনে সৃষ্টি হল এক অপূরণীয় শূন্যতা।

মন্ত্রিসভা ডা. মজিবুর রহমান ফকিরের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে মরহমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানাচ্ছে।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd